

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
www.nbr.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

তারিখঃ ১০ মার্চ ২০১৬


মাঠ পর্যায়ের কর্মরত সকল কমিশনারদের নিজ-নিজ কর্মস্থলে উপস্থিত থাকা এবং রাজস্ব সংগ্রহ কার্যক্রম
সার্বক্ষণিক মনিটরিং-এর নির্দেশ

সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, জনাব মো: নজিবুর রহমান এর সভাপতিত্বে আজ ১০ মার্চ ২০১৬ বিকাল ৪:০০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে এক বিশেষ বোর্ড সভা অনুষ্ঠিত হয়। সভায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মানিত সদস্যবর্গসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

২০১৫-২০১৬ অর্থ বছরের রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে করদাতা-বান্ধব ও রাজস্ব-বান্ধব পরিবেশ বজায় রাখার নিমিত্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, জনাব মো: নজিবুর রহমানসভায় কতিপয় গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা প্রদান করেন, যা নিম্নরূপ:

- জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর, শুল্ক ও মূসক বিভাগের অধীন সকল দপ্তর/কার্যালয়/কমিশনারেট/কাস্টমস হাউজ এর দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট কমিশনারগণ তাঁদের স্ব-স্ব কর্মস্থলে উপস্থিত থেকে রাজস্ব আহরণ কার্যক্রম পরিচালনায় সর্বাত্মকপ্রয়াস চালাবেন;
- কমিশনারগণ মাঠ পর্যায়ের তাঁদের নিজ নিজ অধীক্ষিতসমূহ নিয়মিত পরিদর্শন করবেন। পাশাপাশি অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের কার্যক্রম সার্বক্ষণিক তত্ত্বাবধান করবেন। সকল কমিশনারেটে করদাতা-বান্ধব, রাজস্ব-বান্ধব পরিবেশ বজায় রাখার নিমিত্ত সচেতন থাকবেন;
- সম্মানিত করদাতারা তথা আমাদের গুরুত্বপূর্ণ অংশীজনরা যাতে করে স্বাচ্ছন্দে ও উৎসবমুখর পরিবেশে আয়কর, মূসক এবং শুল্ক পরিশোধ করতে পারেন সে বিষয়ে সর্বদা সজাগ থাকবেন;
- জাতীয় রাজস্ব বোর্ডের সদস্যগণ তাঁদের অধীনস্থ আয়কর, মূসক ও শুল্ক দপ্তরসমূহ নিয়মিত পরিদর্শন করবেন এবং রাজস্ব সংগ্রহ কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন; এবং
- সম্মানিত করদাতাগণ কর প্রদানের সময় যেন কোন প্রকার হয়রানির সম্মুখীন না হন সে বিষয়ে সংশ্লিষ্ট সকল কমিশনাররা তাঁদের অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের কঠোর মনিটরিং-এ রাখার ব্যবস্থা করবেন।

বর্ণিত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।


(সৈয়দ এ, মুমেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপক,
বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।